সমকাল

তারিখ . 07.DEC..2015.. ...
পৃষ্ঠা ...2... ... কলাম.... ..2.....

# শিক্ষার্থীদের ওপর বুয়েট ছাত্রলীগের হামলা

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) একটি অনুষ্ঠানে যোগ দিতে গিয়ে ছাত্রলীগের হামলার শিকার হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কয়েকজন শিক্ষার্থী। গতকাল দুপুরে বুয়েট মিলনায়তনের সামনে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগীরা জানান, সুইডিশ দূতাবাসের উদ্যোগে আয়োজিত একটি কুইজ প্রতিযোগিতায় যোগ দিতে এসেছিলেন দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। অনুষ্ঠানটি আয়োজনে সহযোগিতা করে বুয়েট। গতকাল দুপুর দেড়টা পর্যন্ত অনুষ্ঠানে রেজিস্ট্রেশন করার সময় ছিল।

কিন্তু সকালে জানানো হয়, নতুন করে রেজিস্ট্রেশন করা হবে না। এতে চরম ভোগান্তিতে পড়েন তারা। পরে শিক্ষার্থীরা অনুষ্ঠানের দায়িত্বে থাকা বুয়েটের সহকারী অধ্যাপক মহিউদ্দিন সামাদের কাছে এ ঘটনার প্রতিবাদ জানান। এ সময় বুয়েট ছাত্রলীগের সাধারণ সম্পাদক কনকের নেতৃত্বে ১০-১৫ ছাত্রলীগ নেতা ঢাবির শিক্ষার্থী রাকিব হাসান ও বায়েজিদ মিয়াকে মারধর করে। এ সময় তারা বাইরের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বের করে দেন।